'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours/Programme 2nd Semester Examination, 2023

## AECC2-BENGALI (MIL)

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 35

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×৩ = ১৫

(ক) 'আমার কৈফিয়ৎ' কবিতায় নজরুল ইসলামের বিরুদ্ধে ওঠা অভিযোগের যে কৈফিয়ৎ দিয়েছেন, তা নিজের ভাষায় আলোচনা করো।

(খ) 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধে রাজশেখর বসু বিজ্ঞাপন সম্পর্কে কী বলতে চেয়েছেন, তা আলোচনা করো।

(গ) 'আদাব' গল্পের প্রধান চরিত্র দুটির নামকরণ করা হয়নি কেন ? যুক্তিসহ আলোচনা করো।

(ঘ) 'ভারতচন্দ্র' প্রবন্ধে প্রমথ চৌধুরী কবি ভারতচন্দ্রের রচনার কোন্ কোন্ গুণগুলি উল্লেখ করেছেন, তার পরিচয় দাও।

(ঙ) IPA তে লিপ্যন্তর করোঃ

এ কথা জানিতে তুমি ভারত-ঈশ্বর শা-জাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।
শুধু তব অন্তরবেদনা
চিরন্তন হয়ে থাক্, সম্রাটের ছিল এ সাধনা
রাজশক্তি বজ্র সুকঠিন।

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×২ = ২০

(ক) 'সবুজের অভিযান' কবিতাটি কত সালে এবং কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ? এই কবিতায় নবীন এবং প্রবীণের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'দেনাপাওনা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'যেন লেখা হয় আমার রক্ত লেখায় তাদের সর্বনাশ' — কাদের সম্পর্কে কবি একথা বলেছেন ? রক্ত লেখা বলতে কী বোঝানো হয়েছে ? উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঘ) বাংলায় অনুবাদ করোঃ

Honesty is a great virtue. If you do not deceive others, if you do not tell a lie, if you are strictly just and fair in your dealings with others, you are an honest man. Honesty is the best policy. An honest man is respected by all. No one can prosper in life if he is not honest.

——×——



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.Sc. Honours/Programme 2nd Semester Examination, 2023

## AECC2-BENGALI (MIL)

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 35

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×৩ = ১৫

(ক) 'সবুজের অভিযান' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

(খ) 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধে প্রাবন্ধিক বিজ্ঞাপন সম্পর্কে যে মত ব্যক্ত করেছেন তা লেখো।

(গ) রবীন্দ্রনাথের 'দেনাপাওনা' গল্পে যে সামাজিক অব্যবস্থা ফুটে উঠেছে তা সংক্ষেপে বিবৃত করো।

(ঘ) বাংলায় অনুবাদ করোঃ

Many years later as he faced the firing Squad, Colonel Aureliano Buendia was to remember that distant afternoon when his father took him to discover ice. At that time Macondo was a village of twenty adobe houses, built on the bank of polished stones, which were white and enormous, like prehistoric eggs.

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২ = ২০

(ক) 'আমার কৈফিয়ৎ' কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধে প্রাবন্ধিক কীভাবে আমাদের ভ্রান্ত কৌতূহলকে চিহ্নিত করেছেন তা উপযুক্ত দৃষ্টান্তসহ আলোচনা করো।

(গ) 'আদাব' গল্পে সাম্প্রদায়িক সংঘাতের প্রেক্ষিতে সম্প্রীতির চিত্র যেভাবে ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

(ঘ) IPA (আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা)-তে লিপ্যন্তর করোঃ

তবু মনে রেখো যদি দূরে যাই চলে।
যদি পুরাতন প্রেম ঢাকা পড়ে যায় নবপ্রেমজালে।
যদি থাকি কাছাকাছি,
দেখিতে না পাও ছায়ার মতন আছি না আছি
তবু মনে রেখো।

——×——



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 2nd Semester Examination, 2023

## DSC1/2-P2-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ছন্দ কাকে বলে ? বাংলা ছন্দ কত প্রকার ও কী কী ?

(খ) দল ও মাত্রার সম্পর্ক উদাহরণসহ লেখো।

(গ) লৌকিক ছন্দকে প্রবোধচন্দ্র সেন কী নামে অভিহিত করেছেন এবং কেন ?

(ঘ) অপহ্নুতি অলংকার কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঙ) উদাহরণসহ অতিশয়োক্তি অলংকারের সংজ্ঞা দাও।

(চ) বাচ্যোৎপ্রেক্ষা ও প্রতীয়মানোৎপ্রেক্ষা অলংকারের পার্থক্য দৃষ্টান্তসহ লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি প্রস্তুত করোঃ (যে-কোনো ***দুটি***)

(অ) এ কথা জানিতে তুমি ভারত-ঈশ্বর শা-জাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।

(আ) মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

(ই) বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই
মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই ?

(খ) অলংকার নির্ণয় করোঃ (যে-কোনো ***দুটি***)

(অ) ভারত ভারত খ্যাত আপনার গুণে।

(আ) এখনি, অন্ধ, বন্ধ কোরো না পাখা।

(ই) এমন মানব-জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।

(গ) টীকা লেখোঃ (যে-কোনো ***দুটি***)
পর্ব, লয়, পদ।

(ঘ) রুদ্ধ দল কাকে বলে ? বাংলা তিন প্রকার ছন্দে এই রুদ্ধ দলের মাত্রা গণনা পদ্ধতি উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঙ) উপমা অলংকার কাকে বলে ? যে-কোনো তিন প্রকারের উপমা অলংকারের উদাহরণ দাও।

(চ) উদাহরণসহ শ্লেষ ও যমক অলংকারের পার্থক্য বুঝিয়ে দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) অমিত্রাক্ষর ছন্দের সংজ্ঞা দাও। উপযুক্ত উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) বাংলা ছন্দচর্চার ইতিহাসে 'নূতন ছন্দ পরিক্রমা' গ্রন্থটির ভূমিকা আলোচনা করো।

(গ) অনুপ্রাস অলংকার বলতে কী বোঝো ? এই অলংকারের বিভাগগুলির বিস্তৃত পরিচয় দাও।

(ঘ) রূপক অলংকারের সংজ্ঞা নিরূপণ করো। উদাহরণসহ বিভিন্ন বিভাগগুলির পরিচয় দাও।

——×——



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 2nd Semester Examination, 2023

## DSC1/2-P2-BENGALI

### OLD SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) লয় কাকে বলে ? কত প্রকার ও কী কী ?

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ শ্লেষ অলংকার।

(গ) ব্যাজস্তুতি অলংকার বলতে কী বোঝো ? উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) পর্বের সংজ্ঞা দাও এবং বাংলা ছন্দে এর গুরুত্ব বিচার করো।

(ঙ) অক্ষর কাকে বলে ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(চ) ছেদ ও যতি কাকে বলে ? উদাহরণসহ ছেদ ও যতির পার্থক্য বুঝিয়ে দাও।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি নির্ণয় করোঃ

যমুনামতী সরস্বতী কাল যমুনার বিয়ে
যমুনা যাবে শ্বশুরবাড়ি কাজিতলা দিয়ে।

(খ) ছন্দোলিপি নির্ণয় করোঃ

হেড অফিসের বড়ো বাবু লোকটি বড়ো শান্ত
তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জানত ?

(গ) অলংকার নির্ণয় করোঃ

কে বলে ঈশ্বর গুপ্ত ব্যাপ্ত চরাচর,
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর ?

(ঘ) অলংকার নির্ণয় করোঃ

কেতকী কেশরে কেশপাশ করো সুরভি।

Maynaguri College Library

(ঙ) রূপক অলংকারের শ্রেণীবিভাগগুলির উদাহরণসহ আলোচনা করো।

(চ) টীকা লেখোঃ (যে-কোনো *দুটি*)

স্তবক, দল, মিল, যতি।

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) স্বরবৃত্ত ছন্দ কাকে বলে ? এই রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) উপমা অলংকার কাকে বলে ? এই অলংকারের কয়টি অঙ্গ ? উদাহরণসহ এই অলঙ্কারের শ্রেণীবিভাগগুলি আলোচনা করো।

(গ) অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে ? এই ছন্দের বিশেষত্ব আলোচনা করো।

(ঘ) অনুপ্রাস অলংকার কাকে বলে ? উদাহরণসহ এই অলংকারের শ্রেণীবিভাগগুলি আলোচনা করো।

——×——

Maynaguri College Library